# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

## ঋণ ও অগ্রিম বিভাগ

অপারেশন পরিপত্র নম্বর-০২/২০১৭

তারিখ : ২৮ মার্চ ২০১৭

সকল বিভাগীয় প্রধান/
সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয় : নিজস্ব ঋণ কর্মসূচীর আওতায় যানবাহন প্রকল্পের (টিভিএস টু-হুইলার XL 100/ থ্রি-হুইলার টিভিএস কিং) ঋণ নীতিমালা।**

সড়ক দুর্ঘটনা রোধকল্পে প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবাদের আত্মকর্মসংস্থানের উদ্দেশ্যে যানবাহন প্রকল্পে ঋণ প্রদানের জন্য ০৭ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২৪৩তম সভায় প্রস্তাব উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে পরিচালনা বোর্ড কর্মসংস্থান ব্যাংক এবং টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টি অনুমোদন করে। তৎপ্রেক্ষিতে ১৫ মার্চ ২০১৭ তারিখে কর্মসংস্থান ব্যাংক এবং টিভিএস অটো বাংলাদেশ লিমিটেডের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক অনুযায়ী যানবাহন প্রকল্পের (টিভিএস টু-হুইলার- XL100/থ্রি-হুইলার টিভিএস কিং) ঋণ নীতিমালা নিম্নরূপ :

০১. ঋণের প্রকৃতি :
ক) টু-হুইলার ক্রয়ের জন্য ঋণ - এ মোটর সাইকেলটি একটি বিশেষ ধরনের মোটর সাইকেল, যা সাধারণত ব্যক্তিগত ক্ষুদ্র ব্যবসায়িক উদ্দেশ্যে পণ্য/মালামাল পরিবহনের নিমিত্তে ব্যবহৃত হবে;
খ) থ্রি-হুইলার ক্রয়ের জন্য ঋণ - এটি স্বল্প দূরত্বে যাত্রী পরিবহনের নিমিত্তে ব্যবহৃত হবে।

০২. ঋণগ্রহীতা বাছাই পদ্ধতি : টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড কর্তৃক বাছাইকৃত ও প্রেরিত তালিকা হতে ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত/শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত উদ্যোক্তাদের মধ্যে যোগ্য ড্রাইভার/উদ্যোক্তা বাছাইপূর্বক ঋণ বিতরণ করতে হবে।

০৩. তহবিলের উৎস : কর্মসংস্থান ব্যাংক।

০৪. ঋণের উদ্দেশ্য :
ক) লাইসেন্সপ্রাপ্ত/শিক্ষানবিশ ড্রাইভার/উদ্যোক্তাদের আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষে স্বল্প সুদে ঋণ প্রদান ;
খ) বিশেষ ধরনের টিভিএস টু-হুইলার এর মাধ্যমে পণ্য সরবরাহ/পরিবহন সহজীকরণ ;
গ) থ্রি-হুইলার টিভিএস কিং এর মাধ্যমে যাত্রী সেবার মান উন্নয়ন ;
ঘ) জেলা সদর, উপজেলা সদরসহ গ্রামাঞ্চলে উন্নত পরিবহন ব্যবস্থা পৌঁছানো ;
ঙ) সড়ক পরিবহনের ক্ষেত্রে দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে সড়ক দুর্ঘটনা হ্রাসকরণ ;
চ) বেকার যুবাদের আত্মকর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে বেকারত্ব হ্রাস ও দারিদ্র্য বিমোচনে সহায়তাকরণ।

০৫. ঋণগ্রহীতার যোগ্যতা :
ক) বাংলাদেশের নাগরিক হতে হবে ;
খ) বেকার/অর্ধ বেকার হতে হবে ;
গ) বয়স সাধারণত ১৮ হতে ৪৫ বছর হতে হবে। তবে পুরাতন ঋণগ্রহীতাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য ;
ঘ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে শাখার অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে ঋণের গ্যারান্টার হতে হবে। এক্ষেত্রে স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ উদ্যোক্তা/পিতা/মাতা/স্বামী/স্ত্রী/গ্যারান্টারের নামে সংশ্লিষ্ট জেলার জমির দলিল/পর্চার ফটোকপি জমা নিতে হবে ;
ঙ) ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত/শিক্ষানবিশ লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভার হতে হবে ;
চ) অন্য কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান, এনজিও অথবা বেসরকারি প্রতিষ্ঠানের ঋণখেলাপী ঋণ পাওয়ার যোগ্য হবেন না।

০৬. ঋণের গ্যারান্টারের যোগ্যতা :
ক) ঋণ পরিশোধে সক্ষম আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী সাধারণত গ্যারান্টার হবেন। এছাড়াও ঋণ পরিশোধে সক্ষম এমন ব্যক্তি যিনি প্রকল্প এলাকায় স্থায়ীভাবে বসবাস করেন এবং প্রকল্প এলাকায় যার বাড়ি-ঘর/জমি-জমা আছে তিনি গ্যারান্টার হতে পারবেন ;
খ) একজন গ্যারান্টার সর্বোচ্চ ০২ (দুই) জন ঋণগ্রহীতার গ্যারান্টার হতে পারবেন;
গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি নিজস্ব প্রতিষ্ঠানের নিয়ম অনুসরণ সাপেক্ষে গ্যারান্টার হতে পারবেন;
ঘ) অন্য কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান, এনজিও অথবা বেসরকারি প্রতিষ্ঠানের ঋণখেলাপী ঋণের গ্যারান্টার হওয়ার যোগ্য হবেন না।

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৭. | আবেদনকারী/ গ্যারান্টারের স্থায়ী ঠিকানা | : | নিজ নামে অথবা পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নামে যে এলাকায় বাড়ী থাকবে তাকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হিসেবে গণ্য করা হবে। |
| ০৮. | ঋণের খাত | : | যানবাহন প্রকল্প (টিভিএস টু-হুইলার- XL100/থ্রি-হুইলার টিভিএস কিং)। |
| ০৯. | ঋণ সীমা : | : | <u>টু-হুইলার</u> : ঋণ সীমা সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা। তবে টু-হুইলারের মূল্যের ৯০% এর বেশি ঋণ প্রদান করা যাবে না ;<br><u>থ্রি-হুইলার</u> : ঋণ সীমা সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা। তবে থ্রি-হুইলারের মূল্যের ৮০% এর বেশি ঋণ প্রদান করা যাবে না। |
| ১০. | ঋণের আবেদন | : | ক) ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমে শাখায় ঋণ আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে উদোক্তা ও গ্যারান্টারের ০২ কপি করে সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) ও কোটেশন জমা দিতে হবে ;<br>খ) উদ্যোক্তার স্থায়ী ঠিকানা যে শাখার অধিক্ষেত্রের আওতাধীন সে শাখায় ঋণের আবেদন দাখিল করতে হবে। |
| ১১. | উদ্যোক্তার ইক্যুইটি | : | <u>টু-হুইলার</u> : উদ্যোক্তার ইক্যুইটি সর্বনিম্ন ১০%। উদ্যোক্তা কর্তৃক ডাউন পেমেন্টের অর্থ শাখায় জমা নিতে হবে ;<br><u>থ্রি-হুইলার</u> : উদ্যোক্তার ইক্যুইটি সর্বনিম্ন ২০%। উদ্যোক্তা কর্তৃক ডাউন পেমেন্টের অর্থ শাখায় জমা নিতে হবে। |
| ১২. | ঋণের মেয়াদ | : | <u>টু-হুইলার</u> : সর্বোচ্চ ০২ বছর ;<br><u>থ্রি-হুইলার</u> : সর্বোচ্চ ০৩ বছর। |
| ১৩. | ঋণ পরিশোধ পদ্ধতি ও গ্রেস পিরিয়ড | : | মাসিক কিস্তি। ০১ (এক) মাস গ্রেস পিরিয়ড। |
| ১৪. | সুদের হার ও হিসাবায়ন পদ্ধতি | : | এ বিভাগের ২৪.০৯.২০১৪ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০১/২০১৪ এর নিয়মাবলী অনুসরণপূর্বক নিম্নোক্তভাবে সুদ চার্জ করতে হবে :<br>(ক) গ্রাহক পর্যায়ে সুদের হার ১১% (সরল সুদ) ;<br>(খ) দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ত্রৈমাসিক (ডিসেম্বর, মার্চ, জুন, সেপ্টেম্বর প্রান্তিকে) সুদ চার্জ ও হিসাবায়ন করতে হবে ;<br>(গ) ঋণের মেয়াদের মধ্যে অনিয়মিত কিংবা কিস্তি খেলাপী ঋণগ্রহীতার হিসাবে অনিয়মিত/ খেলাপীর তারিখ হতে ১২% (যে ত্রৈমাসিকে কিস্তি খেলাপী হবে সেই ত্রৈমাসিকের শুরু হতেই) সরল সুদ চার্জ করতে হবে ;<br>(ঘ) মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ১৩% সরল সুদ চার্জ করতে হবে;<br>(ঙ) মেয়াদবৃদ্ধির মাধ্যমে পুনঃ তফসিলকৃত ঋণ হিসাবে সংশ্লিষ্ট খাতে ১১% সরল সুদ চার্জ করতে হবে। তবে মেয়াদবৃদ্ধির পর পুনরায় ঋণের মেয়াদের মধ্যে অনিয়মিত কিংবা কিস্তি খেলাপী হলে অনুচ্ছেদ নম্বর ১৪ (গ) অনুযায়ী এবং মেয়াদোত্তীর্ণ হলে অনুচ্ছেদ নম্বর ১৪ (ঘ) অনুযায়ী সরল সুদ চার্জ করতে হবে। |
| ১৫. | ঋণ মঞ্জুরির ক্ষমতা | : | শাখা ব্যবস্থাপক। |
| ১৬. | ঋণ বিতরণ পদ্ধতি | : | ক) ঋণ মঞ্জুরি ও বিতরণপূর্ব আনুষ্ঠানিকতা সমাপনান্তে সরবরাহকারী প্রতিষ্ঠান টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড/এর মনোনীত ডিলার বরাবরে টু-হুইলার/থ্রি-হুইলার সরবরাহের জন্য সরবরাহ আদেশ জারী করতে হবে ;<br>খ) সরবরাহ আদেশ অনুযায়ী উদ্যোক্তাকে টু-হুইলার/থ্রি-হুইলার সরবরাহের পর ঋণগ্রহীতা কর্তৃক শাখায় প্রাপ্তিস্বীকার পত্র দাখিল সাপেক্ষে **টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড**-কে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মূল্য প্রদান করতে হবে এবং টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড অথবা এর প্রতিনিধির নিকট হতে চেকের প্রাপ্তি স্বীকার গ্রহণ করতে হবে। |
| ১৭. | ঋণের জামানত | : | জামানতবিহীন।<br>এক্ষেত্রে ঋণ পরিশোধের নিশ্চয়তা হিসেবে প্রতিটি মঞ্জুরিকৃত ঋণ কেইস-এর বিপরীতে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর নিকট হতে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্পোরেট গ্যারান্টি (সংযুক্তি -'০১') অথবা ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চেক জমা রাখার স্মারকসহ (সংযুক্তি -'০২') যথারীতি ০১ (এক) টি পোস্ট ডেটেড চেক গ্রহণ করতে হবে। কর্পোরেট গ্যারান্টি অথবা চেক জমা রাখার স্মারকে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির যথাস্থানে নমুনা স্বাক্ষর (সংযুক্তি -'০৩') অনুযায়ী স্বাক্ষর, নাম, অফিসিয়াল সীল ও ফরওয়ার্ডিং রয়েছে মর্মে নিশ্চিত হয়ে ঋণ বিতরণ করতে হবে। |
| ১৮. | ঋণের চার্জ ডকুমেন্ট | : | ক) ঋণগ্রহীতা ও গ্যারান্টার কর্তৃক স্বাক্ষরিত ডবল পার্টি ডিপি নোট এবং ডিপি নোট ডেলিভারী লেটার গ্রহণ করতে হবে ; |

খ) প্রকল্প/প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড ;

গ) ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অথবা সরবরাহকৃত ফরমে গ্যারান্টারের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে।

১৯. স্ট্যাম্পের মূল্যমান : নিজস্ব কর্মসূচীর ন্যায় বলবৎ স্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী চার্জ ডকুমেন্টে স্ট্যাম্প ব্যবহার করতে হবে যা স্ট্যাম্প এ্যাক্টের পরিবর্তনের সাথে সাথে পরিবর্তনযোগ্য।

২০. অন্যান্য শর্ত : ক) **মঞ্জুরিপত্রে ঋণ পরিশোধের নিশ্চয়তা হিসেবে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর নিকট হতে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্পোরেট গ্যারান্টি (সংযুক্তি -'০১') অথবা ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চেক জমা রাখার স্মারকসহ (সংযুক্তি -'০২') যথারীতি ০১ (এক) টি পোস্ট ডেটেড চেক গ্রহণ করতে হবে মর্মে শর্তারোপ করতে হবে ;**

খ) টু-হুইলার/থ্রি-হুইলার গাড়ি ক্রয় রসিদে প্রথমে কর্মসংস্থান ব্যাংক এবং পরে ঋণগ্রহীতার নাম থাকতে হবে ;

গ) কর্মসংস্থান ব্যাংক ও ঋণগ্রহীতার যৌথ নামে গাড়ির ব্লু-বুক সম্পাদিত হবে। ব্লু-বুকে প্রথমে কর্মসংস্থান ব্যাংক এবং পরে ঋণগ্রহীতার নাম উল্লেখ থাকবে। ঋণগ্রহীতা/টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর নিকট হতে ব্লু-বুকের অনুলিপি জমা নিতে হবে ;

ঘ) ঋণের মেয়াদকালীন ব্লু-বুক, রুট পারমিট, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্স টোকেন, বীমা ইত্যাদি ইস্যু ও নবায়ন এবং অন্যান্য খরচ ঋণগ্রহীতা নিজ উদ্যোগে নিজ খরচে সম্পাদন করবেন। এক্ষেত্রে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড সহায়তা প্রদান করবে ;

ঙ) ঋণগ্রহীতাগণ/টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড ঋণের কিস্তি কর্মসংস্থান ব্যাংক শাখায় জমা দিবেন ;

চ) টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর ০৮ ডিসেম্বর, ২০১৬ তারিখের Quot.No: TVSAB-HO-161104-এর সাথে সংযুক্ত বুকলেট-এ বর্ণিত Specification অনুযায়ী থ্রি-হুইলার সরবরাহ করবে (সংযুক্তি-'০৪')। আলোচনা সাপেক্ষে Specification পরিবর্তনযোগ্য ;

ছ) টু-হুইলার/থ্রি-হুইলার ক্রয় বাবদ বিতরণকৃত ঋণের অর্থ সুদাসলে পরিশোধ না হওয়া পর্যন্ত পণ্যটি কর্মসংস্থান ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে।

২১. ঋণ আদায় পদ্ধতি : মাঠে আদায়ের ক্ষেত্রে ঋণ আদায় রশিদের মাধ্যমে এবং অফিসে আদায়ের ক্ষেত্রে ডেবিট: নগদ ভাউচারের মাধ্যমে ঋণ আদায় করতে হবে। ঋণ আদায় রশিদ বহির ক্ষেত্রে প্রথম কপি এবং ডেবিট: নগদ ভাউচারের ক্ষেত্রে দ্বিতীয় কপি ঋণ পরিশোধকারীকে প্রদান করতে হবে। ঋণ আদায়ের রশিদ বহির ক্ষেত্রে দ্বিতীয় ও তৃতীয় কপিতে এবং ডেবিট: নগদ ভাউচারের ক্ষেত্রে প্রথম ও তৃতীয় কপিতে ঋণ পরিশোধকারীর স্বাক্ষর গ্রহণ করতে হবে।

২২. সেইফ ফাইল সংরক্ষণ : প্রতিটি ঋণ কেইসের জন্য সেইফ ফাইল সূচী তৈরী করে আলাদা আলাদা সেইফ ফাইল সংরক্ষণ করতে হবে।

২৩. আবেদনপত্র গ্রহণ রেজিস্টার সংরক্ষণ : টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর আওতায় গ্রহণকৃত ঋণের আবেদনের জন্য আলাদা আবেদনপত্র গ্রহণ রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

২৪. ঋণগ্রহীতার সঞ্চয়ী আমানত হিসাব : ঋণগ্রহীতাদের সঞ্চয়ী মনোভাব সৃষ্টির লক্ষ্যে ব্যাংকের সকল ঋণগ্রহীতার সঞ্চয়ী হিসাব খোলা এবং ঋণের কিস্তির সাথে সঞ্চয়ী আমানত জমা রাখা বাধ্যতামূলক। এক্ষেত্রে কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের ২৭.১১.২০১১ তারিখের হিসাব পরিপত্র নম্বর-০৫/২০১১-এ বর্ণিত নির্দেশনানুযায়ী সঞ্চয়ী আমানত জমা করতে হবে। তবে কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের ১৬.১০.২০১৬ তারিখের সার্কুলার লেটার নম্বর কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৬-২০১৭/৫৫৯ মোতাবেক সঞ্চয়ী হিসাবে ন্যূনতম জমা হারের উর্ধ্বে যে কোনো পরিমাণ অর্থ জমা করা যাবে।

২৫. কেবিএসডিএস হিসাব খোলা : প্রত্যেক ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট শাখায় বিদ্যমান নীতিমালা অনুযায়ী একটি KBSDS হিসাব খুলতে অনুরোধ করতে হবে।

২৬. মেয়াদোত্তীর্ণ ঋণ : ঋণের মেয়াদ শেষে কোনো অনাদায়ী ঋণ থাকলে তা মেয়াদোত্তীর্ণ খাতে স্থানান্তর এবং যথারীতি ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্য করতে হবে।

২৭. ঋণ তদারকি : ঋণ বিতরণের পর থেকেই প্রতিটি প্রকল্পের বিপরীতে তদারকির নিশ্চয়তা বিধানকরতঃ আদায় ১০০% নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে শাখা ব্যবস্থাপক ব্যাংকের স্বার্থ রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে বিষয়টি বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়কে অবহিত করবেন।

২৮. হিসাব সংরক্ষণ : বিতরণকৃত ঋণসমূহ পৃথক লেজারে Posting দিতে হবে এবং হিসাবের সঠিকতা নিশ্চিত করার জন্য মাসিক ভিত্তিতে Balancing করতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ২৯. | মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের চাঁদা | : | বিদ্যমান নিয়মানুযায়ী মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের চাঁদা গ্রহণ করতে হবে। |
| ৩০. | আর্লি সেটেলমেন্ট ফি (ESF) | : | বিদ্যমান নিয়মানুযায়ী আর্লি সেটেলমেন্ট ফি (ESF) গ্রহণ করতে হবে। |
| ৩১. | উপসংহার | : | উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো। এ বিষয়ে কোনো প্রকার অস্পষ্টতা দেখা দিলে/ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো। |

২৮/০৩/২০১৭

অনুমোদনক্রমে-

(গৌতম সাহা)
উপ-মহাব্যবস্থাপক
☎:০২-৯৫৭১৭৭৯

সংযুক্তি : বর্ণনামতে।

কেবি/প্রকা/ঋঅবি/টিভিএস-০৪(১০)/২০১৬-১৭/৮০৩(২৬৯)/২২ তারিখ : ২৮ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ওয়েবসাইট থেকে পরিপত্রের কপি সংগ্রহের জন্য অনুরোধ করা হলো :

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড, ৩০৪, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ;
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ;
৭। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৮। অফিস নথি।

২৮/০৩/১৭
(মামুন হায়দার)
প্রিন্সিপাল অফিসার

সংযুক্তি -'০১'

৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে

তারিখ :

ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক

..................... শাখা,

.........................।

## লেটার অব কর্পোরেট গ্যারান্টি

যেহেতু আমাদের অর্থাৎ টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড কর্তৃক বাছাইকৃত/সুপারিশকৃত উদ্যোক্তা জনাব ........................................,পিতা/স্বামী......................................, মাতা.................................,ঠিকানা:......................................................... ......................... কে টিভিএস টু-হুইলার/থ্রি-হুইলার ক্রয়ের জন্য আপনার শাখা হতে জারীকৃত মঞ্জুরিপত্র নম্বর ................................................................. তারিখ ................ এর মাধ্যমে..................... (........................................) টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে, সেহেতু টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড যার ঠিকানা : সোনারতরী টাওয়ার, (৪র্থ ও ৫ম তলা), ১২, সোনারগাঁও রোড, ঢাকা এবং প্রধান কার্যালয় ৩০৪, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮-এর পক্ষে আমি/আমরা আপনাকে বা আপনাদেরকে (কর্মসংস্থান ব্যাংককে) উক্ত ঋণ পরিশোধের নিশ্চয়তাস্বরূপ নিম্নবর্ণিত শর্ত সম্বলিত অপ্রত্যাহারযোগ্য কর্পোরেট গ্যারান্টি প্রদান করছি :

০১। এ গ্যারান্টির অধীনে আমি/আমরা সুদাসলে সমুদয় ঋণ এবং অন্যান্য খরচ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধের জন্য প্রধানত ব্যক্তিগতভাবে/পৃথকভাবে/যৌথভাবে দায়ী থাকবো এবং সমুদয় ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত এ কর্পোরেট গ্যারান্টি বলবৎ থাকবে ;

০২। এ গ্যারান্টি টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড কর্তৃক সম্পাদিত অন্য যে কোনো গ্যারান্টির অতিরিক্ত গ্যারান্টি হিসেবে গণ্য/বিবেচিত হবে এবং অন্য কোনো গ্যারান্টির কারণে এ গ্যারান্টিতে কোনো প্রভাব পড়বে না ;

চলমান পাতা-০২

০৩। টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর গঠনতন্ত্রে কোনো পরিবর্তন হলেও এ গ্যারান্টির দায়বদ্ধতা অব্যাহত থাকবে ;

০৪। ঋণ হিসাবের লেনদেন ও চূড়ান্ত নিষ্পত্তির ক্ষেত্রে ব্যাংক প্রদত্ত হিসাবই চূড়ান্ত বলে গণ্য হবে ;

০৫। কোনো কারণে টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড যদি অস্বচ্ছল/ঋণ পরিশোধে অক্ষম হয় তাহলেও আমি/আমরা/পরিচালকগণ সুদাসলে পাওনা সমুদয় ঋণ এবং অন্যান্য খরচ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে বাধ্য থাকবো;

০৬। ব্যাংক কর্তৃক জারীকৃত যে কোনো ধরনের নোটিশ/চিঠি ডাক বিভাগ/কুরিয়ার সার্ভিসের ব্যর্থতায় টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর নিকট না পৌঁছালেও স্বাভাবিক নিয়মে যতদিনে পৌঁছানোর কথা ততদিন পর তা পৌঁছেছে মর্মে ধরে নেয়া হবে। ঠিকানার অবর্তমানে বা অন্য কোনো কারণে কোনো নোটিশ ডাকে বা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করা সম্ভব না হলে দৈনিক পত্রিকায় নোটিশ প্রকাশ করা হবে এবং প্রকাশের তারিখকে নোটিশ প্রাপ্তির তারিখ হিসেবে গণ্য করা হবে ;

০৭। কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়ের ঋণ পরিপত্র নম্বর-০২/২০১৭ তারিখ ২৮ মার্চ ২০১৭ এ বর্ণিত শর্তাবলি এ গ্যারান্টিপত্রের মাধ্যমে আমি/আমরা মেনে নিতে সম্মত আছি (সমঝোতা স্মারক অনুযায়ী) ;

০৮। এ গ্যারান্টির আওতায় প্রদত্ত/বিতরণকৃত ঋণের যে কোনো কিস্তি/সমুদয় অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা না হলে ব্যাংক কর্তৃপক্ষ চাহিবামাত্র আমি/আমরা/টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ঋণের কিস্তি/সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবো ;

০৯। কর্মসংস্থান ব্যাংক বা এর শাখা ও টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড অন্য কোনো প্রতিষ্ঠানের সাথে একীভূত হলেও এ গ্যারান্টি বহাল থাকবে ;

১০। এ গ্যারান্টিতে বর্ণিত সকল শর্ত টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর অবর্তমানে স্বীয় প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধি এবং উত্তরাধিকারী বা স্থলাভিষিক্ত প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বা প্রতিনিধি এবং উত্তরাধিকারীর উপর প্রযোজ্য হবে;

১১। আমি/আমরা এ মর্মে আরও গ্যারান্টি প্রদান করছি যে, আপনাদের লিখিত দাবী অনুযায়ী কোনোরকম যুক্তিতর্ক ব্যতিরেকে কিংবা আপনাদের পক্ষ থেকে কোনো কারণ প্রদর্শন ছাড়াই, আপনাদের চাহিদা মোতাবেক দাবীকৃত টাকা সম্পূর্ণ পরিশোধ করতে বাধ্য থাকবো।

চলমান পাতা-০৩

<u>পাতা-০৩</u>

টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর পক্ষে আমি নিম্নস্বাক্ষরকারী আজ .........খ্রিস্টাব্দের .............মাসের .............. তারিখে নিম্নবর্ণিত সাক্ষীগণের সম্মুখে স্বেচ্ছায়, সুস্থ মস্তিস্কে, সজ্ঞানে ও অন্যের বিনা প্ররোচণায় এ কর্পোরেট গ্যারান্টিতে স্বাক্ষর প্রদান করলাম।

স্বাক্ষর ও অফিসিয়াল সীল

টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর পক্ষে

সাক্ষী :

০১।

০২।

সংযুক্তি-০২

৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে

## চেক জমা রাখার স্মারক

তারিখ :

ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক

...................... শাখা,

..........................।

যেহেতু আমাদের অর্থাৎ টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড কর্তৃক বাছাইকৃত/সুপারিশকৃত উদ্যোক্তা জনাব ........................................,পিতা/স্বামী......................................, মাতা.................................,ঠিকানা:........................................................ ........................ কে টিভিএস টু-হুইলার/থ্রি-হুইলার ক্রয়ের জন্য আপনার শাখা হতে জারীকৃত মঞ্জুরিপত্র নম্বর ........................................................ তারিখ ................ এর মাধ্যমে.................... (......................................) টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে, সেহেতু টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড যার ঠিকানা : সোনারতরী টাওয়ার, (৪র্থ ও ৫ম তলা), ১২, সোনারগাঁও রোড, ঢাকা এবং প্রধান কার্যালয় ৩০৪, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮-এর পক্ষে আমি/আমরা আপনাকে বা আপনাদেরকে (কর্মসংস্থান ব্যাংককে) উক্ত ঋণ পরিশোধের নিশ্চয়তাস্বরূপ নিম্নবর্ণিত বিবরণ মোতাবেক সুদসহ পাওনা পরিশোধের তারিখ অনুযায়ী ০১ (এক) টি পোস্ট ডেটেড চেক প্রদান করলাম :

০১। যদি উক্ত চেক ড্রয়ী ব্যাংক শাখা কর্তৃক প্রত্যাখ্যাত হয় তাহলে কর্মসংস্থান ব্যাংক আমাদের কোম্পানী ও সকল পরিচালকগণের বিরুদ্ধে নেগোশিয়েবল ইন্সট্রুম্যান্টস এ্যাক্ট ১৮৮১ এর ১৩৮ ও ১৪০ ধারায় এবং প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে ;

০২। এ স্মারকে বর্ণিত সকল শর্ত টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর অবর্তমানে স্বীয় প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধি এবং উত্তরাধিকারী বা স্থলাভিষিক্ত প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বা প্রতিনিধি ও উত্তরাধিকারী এবং সকল পরিচালকগণের উপর প্রযোজ্য হবে ;

চলমান পাতা-০২

০৩। এতদ্বারা আমি/আমরা আরো ঘোষণা করছি যে, উক্ত চেক সম্পর্কে কোনো আইনানুগ সংস্থা, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, ব্যাংকের কোনো এজেন্সি, প্রতিনিধি, এজেন্ট কর্তৃক তথ্য চাহিবামাত্র তা ব্যাংককে প্রদানের অধিকার প্রদান করলাম;

০৪। আমি/আমরা আরো ঘোষণা করছি যে, ঋণের টাকা সুদাসলে ও অন্যান্য খরচসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত আমি/আমরা ব্যক্তিগতভাবে/পৃথকভাবে/যৌথভাবে দায়ী থাকবো ;

০৫। আমি/আমরা আরো ঘোষণা ও স্বীকার করছি যে, ব্যাংক যতক্ষণ পর্যন্ত লিখিত নোটিশ দ্বারা দায় পরিশোধের নিশ্চয়তাস্বরূপ প্রদত্ত চেকের প্রয়োজনীয়তার অবসান ঘোষণা না করে, ততক্ষণ পর্যন্ত উক্ত চেক সংশ্লিষ্ট হিসাবে পর্যাপ্ত তহবিল জমা থাকবে এবং চেক উপস্থাপিত হওয়া মাত্র চেকের অর্থ পরিশোধ করা হবে ;

০৬। সুদাসলে ও অন্যান্য খরচসহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত ঋণের দায় সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত ব্যাংক সময়ে সময়ে প্রয়োজনমাফিক টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর নিকট অন্য চেক চাওয়ার অধিকার সংরক্ষণ করে ;

০৭। কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়ের ঋণ পরিপত্র নম্বর-০২/২০১৭ তারিখ ২৮ মার্চ ২০১৭ এ বর্ণিত শর্তাবলি এ স্মারকপত্রের মাধ্যমে আমি/আমরা মেনে নিতে সম্মত আছি (সমঝোতা স্মারক অনুযায়ী)।

চেকের বিবরণ :

| চেক ইস্যুকারী ব্যাংক ও শাখার নাম | হিসাবের ধরন ও নম্বর | চেক নম্বর | তারিখ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

চলমান পাতা-০৩

পাতা-০৩

টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর পক্ষে আমি নিম্নস্বাক্ষরকারী আজ ............... খ্রিস্টাব্দের ............... মাসের ............... তারিখে নিম্নবর্ণিত সাক্ষীগণের সম্মুখে স্বেচ্ছায়, সুস্থ মস্তিষ্কে, সজ্ঞানে ও অন্যের বিনা প্ররোচণায় এ স্মারকলিপিতে স্বাক্ষর প্রদান করলাম।

স্বাক্ষর ও অফিসিয়াল সীল

টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর পক্ষে

সাক্ষী :

০১।

০২।

TVS Auto Bangladesh

TVS

সংযুক্তি-'০৩'

To
Mr. Md. Abdur Rouf
Managing Director
Karmasangsthan Bank
1, Rajuk Avenue.
Dhaka 1000. Bangladesh

Sub: **Authorization letter for signing the "Corporate Guaranty"**

I the undersigned Ekram Hussain Managing Director of TVS Auto Bangladesh Ltd is authorizing **Mr. Suvesh Chandra Majumder**, (Sr. Manager Accounts and Finance) to sign the "Letter of Corporate Guaranty" in favor of the Organization against the loans for **TVS King 3Wheelers** and **XL 100 Two wheelers** from your Bank.

His specimen signature is attested herewith.

Thanking you

Sincerely

J. Ekram Hussain
Managing Director

Suvesh Chandra Majumder.
Specimen Signature of
Suvesh Chandra Majumder
Sr. Manager Accounts and Finance

Attested by

EKRAM HUSSAIN
Managing Director
TVS Auto Bangladesh Ltd.

Head Office: 304,Tejgaon I/A (3rd & 4th Floor), Dhaka-1208, Tel: +88-02-9831001-2, Fax: +88-02-91499, Website: www.tvsabl.com
Registered Office: Sonartori Tower (4th & 5th Floor), 12, Sonargaon Road, Dhaka-1000. Tel: +88-02-9632738-9
Factory: 239 Auch Para, (Near Hossain Market), Tongi, Gazipur-1711, Tel: +88-02-9816725, Fax: +88-02-9816726

সংযুক্তি -'০৪'

টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড-এর ০৮ ডিসেম্বর,২০১৬ তারিখের Quot.No: TVSAB-HO-161104-এর সাথে সংযুক্ত বুকলেট-এ বর্ণিত Specification :

| | | | |
|---|---|---|---|
| মডেল | - | টিভিএস কিং | সিসি - ১৯৯.২৬ |
| ইঞ্জিনের ধরন | - | ৪ স্ট্রোক, এয়ার কুলড্-সিঙ্গোল সিলিন্ডার এস-আই | |
| ইগনেশন | - | ডিজিটাল টিসিআই | |
| লোড কেপাসিটি | - | ৭৮০ কেজি | |
| লুব্রিকেশন | - | ফোর্সড ওয়েট সাম্প | |
| পাওয়ার | - | ৫.৫ কিলোওয়াট @ ৫০০০+/- ২৫০ rpm | |
| টর্ক | - | ১২.৯ এন.এম @ ৩২৫০+/- ৩০০ rpm | |
| ইঞ্জিন কুলিং | - | এয়ার কুলড/অয়েল কুলড | |
| ক্লাচ | - | ওয়েট মাল্টি ডিস্ক প্লেট | |
| চ্যাসিস বডি | - | সেমি মনো কিউচ্যাসিস | |
| সাস্পেনশন | - | হেলিক্যাল ও হাইড্রলিক ডাবল এক্টিং শক এবজরবার | |
| সামনের মাড গারড | - | মেটালিক | |
| গ্যাস সিলিন্ডার | - | ২৮ লিটার (সর্বোচ্চ) | |
| ফুয়েল ট্যাঙ্ক ক্যাপাসিটি | - | ৫ লিটার (সর্বোচ্চ) | |
| মাইলেজ | - | প্রতি ঘন মিটার গ্যাস এ ২৮ কি:মি: চলে | |
| | - | প্রতি লিটার পেট্রোল এ ৩০ কি:মি: চলে | |

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

## ঋণ ও অগ্রিম বিভাগ

অপারেশন পরিপত্র নম্বর-০৩/২০১৭ তারিখ : ২৮ মার্চ ২০১৭

সকল বিভাগীয় প্রধান/
সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড হতে ছাড়কৃত মূল্যে মোটর সাইকেল ক্রয়।

ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়ন যথা- উদ্যোক্তা নির্বাচন, প্রকল্প পরিদর্শন, ঋণ কেইস তদন্তকরণ, ঋণগ্রহীতাদের সাথে যোগাযোগ ও তাগিদ প্রদান, ঋণ আদায় ইত্যাদি কাজ দ্রুত ও স্বল্প সময়ে সম্পাদনের লক্ষে কর্মসংস্থান ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য মোটর সাইকেল ঋণ সুবিধা চালু আছে।

০২। ১৫ মার্চ ২০১৭ তারিখে কর্মসংস্থান ব্যাংক এবং টিভিএস অটো বাংলাদেশ লিমিটেডের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকে বর্ণিত শর্ত অনুযায়ী কর্মসংস্থান ব্যাংকের কোনো কর্মকর্তা/কর্মচারী টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড হতে মোটর সাইকেল ক্রয় করলে তিনি বিক্রয় মূল্যের উপর ৫% ছাড় পাবেন।

০৩। এমতাবস্থায়, ছাড়কৃত মূল্যে মোটর সাইকেল ক্রয়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

২৮/০৩/২০১৭

অনুমোদনক্রমে-

(গৌতম সাহা)
উপ-মহাব্যবস্থাপক
☎:০২-৯৫৭১৭৭৯

কেবি/প্রকা/ঋঅবি/টিভিএস-০৪(১০)/২০১৬-১৭/৮০৪(২৬৯)/২২ তারিখ : ২৮ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ওয়েবসাইট থেকে পরিপত্রের কপি সংগ্রহের জন্য অনুরোধ করা হলো :

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, টিভিএস অটো বাংলাদেশ লিমিটেড, ৩০৪, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ;
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৫। উপ-মহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ;
৭। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৮। অফিস নথি।

২৮/০৩/১৭
(মামুন হায়দার)
প্রিন্সিপাল অফিসার